শেষের পাতা

দৈনিক
আমার বার্তা
সংবাদের সাথে প্রতিমুহূর্ত
The Daily Amar Barta

আজ বুধবার ■ ঢাকা ■ ১৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ ■ ১০ জিলক্বদ ১৪৪৭ হিজরি ২৯ এপ্রিল ২০২৬

চট্টগ্রামে বৃষ্টিতে সড়কে হাঁটুপানিতে ভোগান্তি

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম নগরীতে দুপুরের মুষলধারে বৃষ্টিতে আবারও জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। বিশেষ করে নগরীর নিচু এলাকাগুলোতে পানি জমে যাওয়ায় চরম সাধারণ মানুষ ও পথচারীরা ভোগান্তিতে পড়েছেন। মঙ্গলবার (২৮ এপ্রিল) সকাল থেকে চট্টগ্রামে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি অব্যাহত আছে। এতে জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে।

জানা যায়, প্রবর্তক এলাকায় জলাবদ্ধতা নিরসন প্রকল্পের কাজ চলছে। যে কারণে পানি চলাচল ব্যাহত হচ্ছে এবং জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। নগরীর রহমতগঞ্জ, কাতালগঞ্জ, মুরাদপুর এলাকায়ও জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে।

প্রবর্তক মোড় এলাকায় আটকে পড়া পথচারী আবির ইসলাম বলেন, প্রবর্তকে পানির কারণে হেঁটে যাওয়া যাচ্ছে না। রিকশাওয়ালারাও ৩০ টাকার ভাড়া ৫০ থেকে ৬০ টাকা আদায় করছে।

পতেঙ্গা আবহাওয়া অফিসের তথ্যমতে, মঙ্গলবার সকাল নয়টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ১০ মিলিমিটার বৃষ্টি হয়েছে। তবে দুপুর সাড়ে ১২টার পর থেকে বৃষ্টির তীব্রতা বৃদ্ধি পায়, যা নিচু এলাকায় জলাবদ্ধতার মূল কারণ হয়ে দাঁড়ায়।

এ বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ক্যাপ্টেন ইখতিয়ার উদ্দীন আহমেদ চৌধুরী বলেন, 'প্রবর্তকের পাশে জলাবদ্ধতা নিরসনে কাজ করছে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ। যার কারণে সাময়িকভাবে পানি চলাচলে সমস্যা সৃষ্টি হচ্ছে।

গতকাল মাত্র কয়েক ঘণ্টার টানা বৃষ্টিতে নগরীর বিভিন্ন নিচু এলাকা পানির নিচে তলিয়ে গেছে।

গতকাল মঙ্গলবার (২৮ এপ্রিল) সকাল থেকে চট্টগ্রামে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি অব্যাহত আছে। দুপুরের পর থেকে শুরু হওয়া ভারি বৃষ্টিতে নগরীর প্রবর্তক মোড়সহ বিভিন্ন এলাকায় কোমর সমান পানি জমে যায়। এতে ওই সড়ক ব্যবহারকারীরা চরম দুর্ভোগে পড়তে হচ্ছে। যানবাহন চলাচল প্রায় বন্ধ হয়ে যায় এবং পথচারীরা বাধ্য হয়ে ঝুঁকি নিয়ে পানির মধ্য দিয়ে চলাচল করছে।

খোঁজ নিয়ে জানা গেছে, প্রবর্তক এলাকায় জলাবদ্ধতা নিরসন প্রকল্পের কাজ চলছে। যে কারণে পানি চলাচল ব্যাহত হচ্ছে এবং জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। ● পৃষ্ঠা ২ কলাম ১

প্রধানমন্ত্রীর সঙ্গে রোসাটম মহাপরিচালকের সৌজন্য সাক্ষাৎ

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন রাশিয়ার রাষ্ট্রীয় পরমাণু শক্তি সংস্থা 'রোসাটম'র মহাপরিচালক (ডিজি) অ্যালেক্সি লিখাচেভ। গতকাল মঙ্গলবার সকালে বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দপ্তরে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এ কথা জানান। জানা গেছে, বৈঠকে বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা ও রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। প্রকল্পের সফল বাস্তবায়নে রাশিয়ার কারিগরি ও প্রযুক্তিগত সহায়তার ● পৃষ্ঠা ২ কলাম ১

অতিবৃষ্টি ও ঢলের পানিতে মাড়াই করে শুকানোর জন্য খলায় রাখা ধান নষ্ট হচ্ছে। ছবিটি গতকাল সকালে সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলার হালির হাওরের আহসানপুর থেকে তোলা –আমার বার্তা

সুনামগঞ্জে অতিবৃষ্টি-পাহাড়ি ঢলে ডুবছে জমির ধান

নিজস্ব প্রতিবেদক

সুনামগঞ্জে গত ২৪ ঘণ্টায় মৌসুমের সর্বোচ্চ বৃষ্টিপাত হয়েছে। গত সোমবার সকাল ৯টা থেকে গতকাল মঙ্গলবার সকাল ৯টা পর্যন্ত ১৩৭ মিলিমিটার বৃষ্টি হয়েছে। একই সঙ্গে উজান থেকে আসা পাহাড়ি ঢল নামছে। এতে হাওর ও নদীতে পানি বেড়ে কৃষকের চোখের সামনেই জমির ধান তলিয়ে যাচ্ছে। এদিকে পানির চাপে দুই উপজেলায় দুটি বাঁধ ভেঙে ফসলহানির ঘটনা ঘটেছে।

কৃষি কর্মকর্তারা বলছেন, এখন পর্যন্ত সুনামগঞ্জে হাওরের ৪৪ ভাগ জমির ধান কাটা হয়েছে। বোরো আবাদের অর্ধেক জমির ধান কাটা এখনো বাকি। সবকিছুই এখন প্রকৃতির ওপর নির্ভর করছে।

অতিবৃষ্টি ও পাহাড়ি ঢলে অনেকটা দিশাহারা হয়ে পড়েছেন হাওরের কৃষকেরা। বৈরী আবহাওয়া, হাওরে পানির চাপ, বজ্রপাত আতঙ্কের মধ্যে ধান কাটা শ্রমিকের সংকটসহ নানা কারণে সংকট গভীর হয়েছে। গতকাল সোমবার রাত ও আজ মঙ্গলবার সকালের ভারী বৃষ্টিতে অনেক হাওরের জমির ধান তলিয়ে গেছে। আবার পানি বৃদ্ধি পাওয়ায় অনেকের শুকানোর খলায় রাখা ধানও নষ্ট হয়ে গেছে।

হাওরের ফসল রক্ষা বাঁধগুলোও চরম ঝুঁকির মধ্যে আছে। গতকাল সকালে জেলার মধ্যনগর উপজেলার বংশীকুণ্ডা দক্ষিণ ইউনিয়নের চান্দালীপাড়া গ্রামে ইকরাছই হাওরের ● পৃষ্ঠা ২ কলাম ১

ববি শিক্ষকদের ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা হুঁশিয়ারি ভিসির

নিজস্ব প্রতিবেদক

পদোন্নতির দাবিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) সব ধরনের ক্লাস-পরীক্ষা বর্জনসহ প্রশাসনিক কাজ থেকে বিরত থাকার ঘোষণা দিয়েছেন শিক্ষকেরা। ধারাবাহিক আন্দোলনের অংশ হিসেবে গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোরে সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেওয়া হয়। অপর দিকে শিক্ষকদের আন্দোলনকে উন্নয়নবিরোধী আখ্যা দিয়ে আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন উপাচার্য (ভিসি) ড. তৌফিক আলম। ● পৃষ্ঠা ২ কলাম ৫

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন গতকাল রাজধানীর সিরডাম মিলনায়তনে 'এডাপটেশন চ্যালেঞ্জেস অব ক্লাইমেট-লিঙ্কড মাইগ্রেন্টস ইন বাংলাদেশ অ্যান্ড লোকলি-লিড সলিউশন' –আমার বার্তা

গৃহকর্মী নির্যাতন মামলা মুচলেকায় জামিন পেলেন বিমানের সাবেক এমডি শফিকুর

নিজস্ব প্রতিবেদক

১১ বছরের এক শিশু গৃহকর্মীকে নির্যাতনের ঘটনায় করা মামলায় বিমান বাংলাদেশ এয়ারলাইনসের সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) শফিকুর রহমান ওরফে সাফিকুর রহমানের জামিনের আবেদন মঞ্জুর করেছেন আদালত। গতকাল মঙ্গলবার শুনানি শেষে ঢাকার অতিরিক্ত মহানগর দায়রা জজ-৩ এর বিচারক মঈন উদ্দিন চৌধুরীর আদালত পাঁচ হাজার টাকায় মুচলেকায় জামিন মঞ্জুর করেন। সংশ্লিষ্ট আদালতের রাষ্ট্রপক্ষের আইনজীবী মো. জহিরুল ইসলাম (কাইয়ুম) এ তথ্য নিশ্চিত করেছেন। আসামি পক্ষের আইনজীবী মো. খোরশেদ আলম ● পৃষ্ঠা ২ কলাম ৫

যুক্তরাষ্ট্রের সঙ্গে অর্থনৈতিক অংশীদারিত্ব জোরদারের আহ্বান বাণিজ্যমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক

বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেছেন, যুক্তরাষ্ট্র-বাংলাদেশ অর্থনৈতিক অংশীদারিত্বকে আরও শক্তিশালী করতে রপ্তানি বহুমুখীকরণ, বাজারে প্রবেশাধিকার বৃদ্ধি এবং বিনিয়োগ প্রবাহ জোরদার করা প্রয়োজন।

গতকাল মঙ্গলবার হোটেল শেরাটনে আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (অ্যামচ্যাম) আয়োজিত 'যুক্তরাষ্ট্র-বাংলাদেশ অর্থনৈতিক অংশীদারিত্ব জোরদারকরণ' শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, যুক্তরাষ্ট্র বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ বাণিজ্য অংশীদার এবং দুই দেশের মধ্যে বাণিজ্য ধারাবাহিকভাবে বৃদ্ধি পেলেও রপ্তানি খাতে এখনও একমুখী নির্ভরতা রয়ে গেছে। বিশেষ করে তৈরি পোশাক খাতের ওপর অতিনির্ভরতা দেশের জন্য ঝুঁকিপূর্ণ উল্লেখ করে তিনি রপ্তানি পণ্য বৈচিত্র্যকরণের ওপর জোর দেন।

তিনি বলেন, সরকার ইতোমধ্যে ওষুধশিল্প, চামড়া ও চামড়াজাত পণ্য, কৃষিপণ্য, লাইট ইঞ্জিনিয়ারিং এবং আইসিটি খাতকে অগ্রাধিকার দিয়ে রপ্তানি ভিত্তি সম্প্রসারণে কাজ করছে। ● পৃষ্ঠা ২ কলাম ১

দেশ জঙ্গিমুক্ত নয় আবার জঙ্গিতে ভরেও যায়নি

–প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান বলেছেন, দেশে জঙ্গি নাই এটা বলা যাবে না। দেশে জঙ্গি আছে। তবে, পতিত আওয়ামী লীগ সরকারের সময়ে জঙ্গি হিসেবে যা উপস্থাপন করা হয়েছে, তা ছিলো সরকারে টিকে থাকার একটা প্রক্রিয়া। গতকাল মঙ্গলবার সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সাংবাদিকদের ব্রিফিংয়ে বিভিন্ন প্রশ্নের জবাব দিতে গিয়ে তিনি এসব কথা বলেন। দেশে জঙ্গিবাদ পরিস্থিতি নিয়ে ডা. ● পৃষ্ঠা ২ কলাম ২

হিট প্রকল্প দেশের উচ্চশিক্ষায় ইতিবাচক পরিবর্তন আনবে

–ইউজিসি চেয়ারম্যান

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর ড. মামুন আহমেদ বলেছেন, হায়ার এডুকেশন এক্সিলারেশন অ্যান্ড ট্রান্সফরমেশনের (হিট) প্রকল্প দেশের উচ্চশিক্ষা খাতে ইতিবাচক পরিবর্তন নিয়ে আসবে। শিক্ষার্থীদের কর্মক্ষম ও বিশ্ব নাগরিক হিসেবে গড়ে তুলতে এটি সহায়ক হবে। গতকাল মঙ্গলবার ● পৃষ্ঠা ২ কলাম ২

জলবায়ু অভিবাসীদের উন্নয়ন প্রক্রিয়ার সঙ্গে অন্তর্ভুক্তির আহ্বান তথ্যমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, জলবায়ু পরিবর্তনজনিত কারণে যারা বাস্তুচ্যুত হয়ে শহরে আসছেন; তাদের সমস্যাকে কেবল মানবিক বা আপদকালীন সমস্যা হিসেবে দেখলে হবে না। এটি জননীতির (পাবলিক পলিসি) গুরুত্বপূর্ণ একটি বিষয়। তিনি আরও বলেন, এই অভিবাসন প্রক্রিয়াকে চলমান উন্নয়ন প্রক্রিয়ার সঙ্গে অন্তর্ভুক্ত করা এখন সময়ের দাবি।

গতকাল মঙ্গলবার সকালে রাজধানীর সিরডাপ মিলনায়তনে রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিট (আরএমএমআরইউ) আয়োজিত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট অ্যান্ড কো-অপারেশনের (এসডিসি) সহযোগিতায় 'বাংলাদেশে জলবায়ু-সংক্রান্ত অভিবাসীদের অভিযোজনগত প্রতিবন্ধকতা এবং স্থানীয়ভাবে নেতৃত্বাধীন সমাধান' শীর্ষক জাতীয় কর্মশালার আয়োজন করা হয়। ● পৃষ্ঠা ২ কলাম ৩

সাংবাদিক দম্পতি রুপা-শাকিলের জামিন আদেশ পেছালো

নিজস্ব প্রতিবেদক

জুলাই গণঅভ্যুত্থানের ঘটনায় হওয়া হত্যাসহ মোট সাত মামলায় সাংবাদিক দম্পতি শাকিল আহমেদ ও ফারজানা রুপার জামিনের আদেশ পিছিয়েছে। জামিন আদেশের জন্য নতুন করে ১১ মে দিন ধার্য করেছেন আদালত। রাষ্ট্রপক্ষের সময় আবেদনের প্রেক্ষিতে গতকাল মঙ্গলবার বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু ● পৃষ্ঠা ২ কলাম ৩

ভূগর্ভস্থ নয়, এখনই ভূপৃষ্ঠের পানির দিকে যেতে হবে –ফখরুল

নিজস্ব প্রতিবেদক

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ভূগর্ভস্থ পানি নয়, এখনই ভূ-উপরিস্থ পানির দিকে যেতে হবে। তিনি বলেছেন, বাংলাদেশে নিরাপদ পানির প্রাপ্যতা একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

গতকাল মঙ্গলবার বিশ্ব পানি দিবস-২০২৬ উপলক্ষে রাজধানীর কাকরাইলে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর (ডিপিএইচই) অডিটোরিয়ামে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন মির্জা ফখরুল।

রাজধানীর কাকরাইলে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) অডিটোরিয়ামে এ সেমিনার হয়। বিশ্ব পানি দিবস ছিল ২২ মার্চ।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন, বাংলাদেশে নিরাপদ পানির প্রাপ্যতা একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। জলবায়ু পরিবর্তন, জনসংখ্যা বৃদ্ধি এবং অপরিকল্পিত নগরায়ণের কারণে আরও জটিল হয়ে উঠছে। তিনি বিশেষভাবে উল্লেখ করেন, রাজধানী ঢাকায় ভূগর্ভস্থ পানির ওপর অতিরিক্ত নির্ভরতা শহরের পানিব্যবস্থাকে ঝুঁকির মধ্যে ফেলেছে। এ পরিস্থিতি থেকে উত্তরণে তিনি ভূ-উপরিস্থ পানির ব্যবহার বাড়ানো, নদী ও জলাধার সংরক্ষণ এবং আধুনিক পানিশোধন প্রযুক্তি ব্যবহারের ওপর জোর দেন।

মন্ত্রী আরও বলেন, নিরাপদ পানি প্রাপ্তির ক্ষেত্রে সামাজিক ও অর্থনৈতিক বৈষম্য বিদ্যমান রয়েছে। শহরের নিম্নবিত্ত ও বস্তিবাসীরা তুলনামূলকভাবে বেশি সমস্যার সম্মুখীন হন। এটি মানবিক ও উন্নয়নগত চ্যালেঞ্জ। তিনি এই বৈষম্য দূরীকরণে সরকারি ও বেসরকারি সংস্থাগুলোর সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন বলে উল্লেখ করেন।

স্থানীয় সরকার বিভাগের ● পৃষ্ঠা ২ কলাম ৩

এনসিপির নুসরাতের মনোনয়ন গ্রহণ ইসির

নিজস্ব প্রতিবেদক

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে জামায়াত নেতৃত্বাধীন জোটের এনসিপি প্রার্থী নুসরাত তাবাসসুমের প্রার্থিতা ঘিরে তৈরি হওয়া আইনি জটিলতার অবসান ঘটেছে। উচ্চ আদালতের নির্দেশনা অনুসরণ করে তার মনোনয়নপত্র গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। পাশাপাশি এ আদেশের বিরুদ্ধে আপিল না করার কথাও জানিয়েছে সংস্থাটি। ● পৃষ্ঠা ২ কলাম ৩

হেলথ টিপস্

মস্তিষ্কে টিউমারের চিকিৎসা

অধ্যাপক ডা. মো. ইয়াকুব আলী

কোন ধরনের টিউমার ক্যান্সার সৃষ্টি করে আর কোন ধরনের টিউমার ক্যান্সার সৃষ্টি করে না তা জানতে হবে। টিউমার হলো শরীরের অস্বাভাবিক টিস্যু পিন্ড- যার কোষ বৃদ্ধি হয় স্বাভাবিকের তুলনায় অনেক দ্রুত, অনিয়ন্ত্রিত ও সমন্বয়হীনভাবে। কোষের ধরন ও আচরণ অনুসারে টিউমার দুই ধরনের। বিনাইন এবং ম্যালিগনেন্ট। বিনাইন টিউমার বিপজ্জনক নয়। এই টিউমারের বৈশিষ্ট্যগুলোর মধ্যে এটি একটি আবরণ দ্বারা বেষ্টিত, ধীরে ধীরে বৃদ্ধি পায়, আশপাশে বা শরীরের অন্য কোনো স্থানে ছড়ায় না, অস্ত্রোপচারের মাধ্যমে সম্পূর্ণ ভালো হয়। তবে ম্যালিগনেন্ট টিউমার খুবই বিপজ্জনক। এটি স্বভাবতই কোনো অবরণ দ্বারা বেষ্টিত থাকে না। ফলে বৃদ্ধি হয় অনিয়ন্ত্রিত ও অগোছালভাবে, বৃদ্ধি ঘটে দ্রুত, আশপাশের টিস্যুতে ছড়িয়ে পড়ে, রক্তের মাধ্যমে শরীরের অন্য জায়গায় ছড়িয়ে পড়ে। এই ম্যালিগন্যান্ট টিউমারকেই আমরা ক্যান্সার নামে জানি। শরীরের অন্য কোথাও ক্যান্সার হলে (যেমন- ফুসফুস, থাইরয়েড, খাদ্যনালী, কিডনি, মহিলাদের ক্ষেত্রে ব্রেস্ট), অনেক ক্ষেত্রেই সেটা মস্তিষ্কে ছড়িয়ে যেতে পারে, যেটাকে মেটাস্টাটিক টিউমার ● পৃষ্ঠা ২ কলাম ৪

শেখ হাসিনা, পলকসহ ৩৪ জনের বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি ২১ মে

নিজস্ব প্রতিবেদক

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় মোহাম্মদপুর থানার ট্রাক চালক হোসেন হত্যা মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক আইসিটি মন্ত্রী জুনায়েদ আহমেদ পলকসহ ৩৪ জনের বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানির তারিখ পিছিয়েছে। অভিযোগ গঠনের শুনানির জন্য আদালত ২১ মে নতুন তারিখ নির্ধারণ করেছেন। গতকাল মঙ্গলবার সকালে ঢাকার বিশেষ জজ আদালত-৪ এর বিচারক রবিউল আলম নতুন দিন ধার্য করেন। এদিন অভিযোগ গঠনের শুনানির দিন ধার্য ছিল। এর জেরে আদালতে হাজির করা হয় পলক ও সাবেক এমপি সাদেক খান। পরে আসামি পক্ষ থেকে শুনানির তারিখ পেছানোর জন্য আবেদন করা হয়। সেই আবেদনের প্রেক্ষিতে শুনানির জন্য নতুন দিন ধার্য করা হয়। অভিযোগ গঠনের শুনানি করতে আদালতে আনা হয় সাবেক মন্ত্রী জুনায়েদ আহমেদ পলককে। তবে আসামি পক্ষের সময়ের আবেদন করায় পিছিয়ে ● পৃষ্ঠা ২ কলাম ৩

বিশ্ব পানি দিবস উপলক্ষে গতকাল রাজধানীর কাকরাইলে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) অডিটোরিয়ামে আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর –আমার বার্তা

৫ মামলায় সাবেক প্রধান বিচারপতি খায়রুল হকের জামিন আপিলেও বহাল

নিজস্ব প্রতিবেদক

পৃথক পাঁচ মামলায় সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হককে হাইকোর্টের দেওয়া জামিন বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। গতকাল মঙ্গলবার প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বাধীন আপিল বিভাগ এই আদেশ দেন। এর আগে, গত ৮ মার্চ বিচারপতি মো. খায়রুল আলম ও বিচারপতি মো. সগীর হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্ট ● পৃষ্ঠা ২ কলাম ৪

'উপজেলা পরিষদে এমপিদের অফিস, স্থানীয় সরকারে নিয়ন্ত্রণ বাড়াতে পারে'

নিজস্ব প্রতিবেদক

উপজেলা পরিষদে এমপিদের জন্য অফিস স্থাপনের প্রস্তাব স্থানীয় সরকার ব্যবস্থায় কেন্দ্রীয় নিয়ন্ত্রণ বাড়াতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)। সংগঠনটি বলছে, এতে প্রশাসনিক নিরপেক্ষতা ও জবাবদিহি দুর্বল হওয়ার ঝুঁকি রয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে রাজধানীর প্ল্যানার্স টাওয়ারে বিআইপি কনফারেন্স হলে আয়োজিত সংবাদ ● পৃষ্ঠা ২ কলাম ১

উপজেলা পরিষদে এমপিদের জন্য অফিস স্থাপনের প্রস্তাব নিয়ে গতকাল রাজধানীর প্ল্যানার্স টাওয়ারে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর আয়োজনে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয় –আমার বার্তা

রাজধানীতে অবৈধ ব্যাটারিচালিত রিকশা উচ্ছেদে মাঠে নামছে ডিএসসিসি

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর যানজট নিরসনে অবৈধ ব্যাটারিচালিত রিকশা উচ্ছেদে মাঠে নামছে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি)। এ বিষয়ে বাংলাদেশ রিকশা ভ্যান ও ব্যাটারিচালিত রিকশা ভ্যান মালিক ফেডারেশনের সঙ্গে মতবিনিময় সভা করেছেন ডিএসসিসি প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো. আবদুস সালাম।

গতকার মঙ্গলবার দুপুরে রাজধানীর ● পৃষ্ঠা ২ কলাম ৫

নাগরিকদের প্রাপ্য অধিকার নিশ্চিতে কাজ করছে সরকার –পরিকল্পনা প্রতিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশে স্থানচ্যুত বা জলবায়ু অভিবাসী মানুষের অধিকার ও মর্যাদা নিশ্চিত করে একটি সমন্বিত রাষ্ট্রব্যবস্থা গড়ে তুলতে বর্তমান সরকার অঙ্গীকারবদ্ধ বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী মো. জোনায়েদ আব্দুর রহিম সাকি।

তিনি বলেন, বিগত দিনের 'দয়া বা করুণা'র সংস্কৃতি ঝেঁটিয়ে বিদায় করে নাগরিকদের প্রাপ্য অধিকার নিশ্চিতে কাজ করছে সরকার।

গতকাল মঙ্গলবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'বাংলাদেশে জলবায়ু পরিবর্তনজনিত অভিবাসীদের অভিযোজন চ্যালেঞ্জ ও স্থানীয় পর্যায়ের সমাধান' শীর্ষক এক কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিট (রামরু) ও সুইজারল্যান্ড সরকারের উন্নয়ন সংস্থা (এসডিসি) যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। পরিকল্পনা প্রতিমন্ত্রী ● পৃষ্ঠা ২ কলাম ৪

সম্পাদক : মোঃ জসিম উদ্দিন। নির্বাহী সম্পাদক : আবু বকর সিদ্দিক। সম্পাদক কর্তৃক প্রকাশিত বিএস প্রিন্টিং প্রেস ৫২/২ টয়েনবি সার্কুলার রোড, সূত্রাপুর, ঢাকা থেকে মুদ্রিত, **প্রধান কার্যালয় :** সায়হাম স্কাইভিউ টাওয়ার (৯ম তলা), ৪৫ বিজয় নগর, ঢাকা-১০০০, ফোন : ৮৩৯২৬৬১, ৮৩৯২৬৬২, বিজ্ঞাপন বিভাগ : ৮৩৯২৬৬৫, মফস্বল : ৮৩৯২৬৬৪, ই-মেইল : dailyamarbarta@gmail.com, adamarbarta@gmail.com